দৈনিক আমাদের সময়

তারিখ ... 30 AUG 2017 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান দ্রুত সংস্কারের নির্দেশ শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ●
বন্যাপরবর্তী সময়ে দ্রুত শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার করে লেখাপড়ার পরিবেশ নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। গতকাল সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উন্নয়ন প্রকল্প পর্যালোচনাসভায় মন্ত্রী সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ নির্দেশনা দেন।

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ছোট, মাঝারি ও বড় ধরনের মেরামত করা প্রয়োজন হতে পারে উল্লেখ করে মন্ত্রী বলেন, আবার কোথাও নতুন নির্মাণ করতে হবে। এগুলো সঠিক হিসাব নিরূপণ করে দ্রুত সংস্কার করতে হবে।

প্রকল্প কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, সব কর্মসূচি পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করতে হবে নির্ধারিত সময়ে। কাজের মান আরও উন্নত করতে নিয়মিত মনিটরিং করতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর